# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationaboard.gov.bd

## জমাকৃত অভিযোগ ও নিষ্পত্তি ব্যবস্থা

স্মারক নং-ঢাশিবো/বি/এপিএ/অভি:/৩৪৭ তারিখ-৩০/০৪/২০২২

বিগত ০১/০৪/২০২২ হতে ৩০/০৪/২০২২ পর্যন্ত ০২ টি অভিযোগ পাওয়া যায় এবং উক্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়।

অভিযোগ-১

**প্রতিষ্ঠানের নামঃ** বান্ধাবাড়ী জে. বি. পি উচ্চ বিদ্যালয়, কোটালীপাড়া গোপালগঞ্জ।

**অভিযোগকারীর নামঃ** সভাপতি, ম্যানেজিং কমিটি, বান্ধাবাড়ী জে. বি. পি উচ্চ বিদ্যালয়, কোটালীপাড়া গোপালগঞ্জ।

**প্রাপ্ত অভিযোগঃ** বান্ধাবাড়ী জে. বি. পি উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে মনোনীত মো: হান্নান মোল্লার বিরুদ্ধে স্কুলের অর্থ আত্মসাৎ মামলা বিচারাধীন থাকায় কমিটির অনুমোদন না দেওয়ার জন্য আবেদন।

**গৃহীত ব্যবস্থাঃ** উপস্থাপিত অভিযোগ তদন্ত করার জন্য বোর্ডের উপ-বিদ্যালয় পরিদর্শক জনাব আবদুর রহমান শিকদার ও সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মো: মঈন উদ্দিন-এর নামে অফিস আদেশ প্রদান করা হয়।

অভিযোগ-২

**প্রতিষ্ঠানের নামঃ** বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ, বনানী, ঢাকা।

**অভিযোগকারীর নামঃ** জনাব মো: আসাদুজ্জামান বাবু, অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী (মাধ্যমিক শাখা), বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ।

**প্রাপ্ত অভিযোগঃ** বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজের বাদপড়া শিক্ষার্থীদের অভিভাবক এবং ৬ষ্ঠ শ্রেণি ও একাদশ শ্রেণির শিক্ষার্থীর অভিভাবকদের ভোটার তালিকা অর্ন্তভূক্তি করে গভর্নিং বডি নির্বাচন করা প্রসঙ্গে।

**গৃহীত ব্যবস্থাঃ** বনানী বিদ্যানিকেতন, বনানী, ঢাকা-এর গভর্নিং বডি অনুমোদনের লক্ষ্যে গঠিত কমিটির বিরুদ্ধে উক্ত কলেজের মাধ্যমিক শাখার অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী জনাব মো: আসাদুজ্জামান বাবু (ভোটার নম্বর- ০৮৯৩) এর প্রেক্ষিতে সরেজমিনে তদন্তের লক্ষ্যে পরিদর্শন করার জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ) জনাব মো: হেলাল উদ্দিন এবং সহকারী কলেজ পরিদর্শক জনাব সুশান্ত কুমার রাহা-কে অফিস আদেশ প্রদানের মাধ্যমে নির্দেশক্রমে অনুরোধ করা হয়।

৩০/০৪/২০২২

**প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা**
ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিদ্যালয় পরিদর্শক
অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রণয়ন কমিটি
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
আবেদন গ্রহণের তারিখ: 29/3/2022
স্বাক্ষর:
বিদ্যালয় শাখা।

বরাবর,

চেয়ারম্যান,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

বিষয়ঃ কোটালীপাড়া উপজেলাধীন বান্ধাবাড়ী জে.বি.পি উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে মনোনীত মোঃ হান্নান মোল্লার বিরুদ্ধে স্কুলের অর্থ আত্মসাৎ মামলা বিচারাধীন থাকায় কমিটির অনুমোদন না দেওয়ার জন্য আবেদন প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী বান্ধাবাড়ী জে.বি.পি উচ্চ বিদ্যালয়ের বর্তমান সভাপতি। নুতন নির্বাচিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে মোঃ হান্নান মোল্লাসহ পূর্ণাঙ্গ কমিটির অনুমোদনের জন্য আপনার দপ্তরে প্রেরিত হইয়াছে। যেহেতু মোঃ হান্নান মোল্লার বিরুদ্ধে ২০১৮-২০২০ সালে সভাপতি থাকাবস্থায় বিদ্যালয়ের ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আত্মসাৎ এর বিরুদ্ধে মোকদ্দমা নং কোটা সিআর ১২২/২০২২ ধারা ৪০৮/৪২০/৩৪ বিচারাধীন আছে এবং কোটালীপাড়া উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ৩ সদস্য বিশিষ্ট কমিটি উক্ত মোঃ হান্নান মোল্লার বিরুদ্ধে অর্থ আত্মসাৎ এর বিষয় তদন্তাধীন আছে। উহা ব্যতীত ঢাকা সি আর ১৬৭৪/১৯ ধারা ১৩৮ ধারার মোকদ্দমা বিচারাধীন। এমতাবস্থায় দুর্নীতি পরায়ন ব্যক্তির নাম সভাপতি হিসাবে অনুমোদন স্থগিত করা একান্ত আবশ্যক।

অতএব, কমিটি অনুমোদন স্থগিত করিতে মর্জি হয়।

বিনীত

হাওলাদার আব্দুল গফ্ফার
সভাপতি
বান্ধাবাড়ী জে.বি.পি.
উচ্চবিদ্যালয়

তারিখ: ২৬/০৩/২০২২ খ্রিঃ

সংযুক্তঃ
১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কর্তৃক তদন্ত টিমের ফটোকপি- ১ ফর্দ।
২। মোকদ্দমার আরজি ৬ ফর্দ।
৩। ঢাকা সি আর ১৬৭৪/১৯ মোকদ্দমার ফটোকপি।

29.3.22

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/অ/৯১/গোপাল/ ৬৮১ তারিখ ঃ ১১/০৪/2022

বিষয় ঃ **তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ২০/০৩/২০২২ তারিখের অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলাধীন **বান্ধাবাড়ী জে বি পি উচ্চ বিদ্যালয়ের** ম্যানেজিং কমিটি সভাপতি মো: হান্নান মোল্লার এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া গেছে (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগ এবং বিদ্যালয়ের সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২। ঢাকা শিক্ষা বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তাকে টিএ/ডিএ প্রদান করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে,

০৬/০৪/২০২২

**প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঁঞা**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপকঃ **আবদুর রহমান শিকদার**
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

**জনাব মো: মঈন উদ্দিন**
সহকারী- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৬।৪।২২

মেমো নং- তারিখ ঃ

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। প্রধান শিক্ষক **বান্ধাবাড়ী জে বি পি উচ্চ বিদ্যালয়,**
পোঃ, বান্ধাবাড়ী উপজেলাঃ কোটালীপাড়া, জেলাঃ গোপালগঞ্জ ।
৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

তারিখঃ ২০/০৩/২০২২ইং

বরাবর,
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

**বিষয়ঃ বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজের বাদপড়া শিক্ষার্থীদের অভিবাবক এবং ৬ষ্ঠ শ্রেণী ও একাদশ শ্রেণীর শিক্ষার্থীর অভিভাবকদের ভোটার তালিকা অর্ন্তভূক্তি করে গভর্নিং বডি নির্বাচন করা প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ আসাদুজ্জামান বাবু, অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী (মাধ্যমিক শাখা), বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির নির্বাচন ২০২১ইং শিক্ষাবর্ষের মাধ্যমিক শাখায় মোট শিক্ষার্থী ৩৩২০ জনের মধ্যে ১৬৮১ জনকে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করে বাকি শিক্ষার্থীর অভিভাবকদের ভোটার অধিকার বঞ্চিত রেখে স্মারক নং- ৩০, তারিখ- ০৪/০১/২০২২ইং নির্বাচনের তফসিল ঘোষনা করা হয়। তফসিলে নির্বাচনের ভোট গ্রহনের তারিখ ধার্য করা হয় ২৮/০১/২০২২ইং কিন্ত কোভিড-১৯ প্রকট আকার ধারন করায় নির্বাচন স্থগিত হয়। ইতিমধ্যে সকল শ্রেণীর শিক্ষার্থী উপরের শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছে। উক্ত তফসিলে ৬ষ্ঠ শ্রেণী এবং একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের অভিভাবকগণ ভোটার হওয়া থেকে বঞ্চিত থাকে। কোভিড-১৯ স্বাভাবিক হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান খুললে পাতানো নির্বাচন করার লক্ষ্যে তাড়াহুড়া করে হিনস্বার্থ হাসিল করার উদ্দেশ্যে ০৫/০৩/২০২২ইং নির্বাচনের তারিখ ঘোষনা করে। তফসিলে বর্ণিত নির্বাচন ঘিরে নানা অনিয়ম অনাচার এবং নির্বাচন আচারণ বিধি ব্যাপক ভাবে লঙ্গন হয়েছে। পরবর্তীতে একজন শিক্ষার্থীর অভিভাবক আদালত কর্তৃক রিট করলে নির্বাচন পুনরায় স্থগিত হয়ে যায়। উল্লেখিত তফসিলে দ্বাদশ শ্রেণীর ২ জন শিক্ষার্থীর অভিভাবক উচ্চ মাধ্যমিক শাখায় অভিভাবক প্রতিনিধি পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। নির্বাচনের বিধি মালায় উল্লেখিত দ্বাদশ শ্রেণীর কোন শিক্ষার্থীর অভিভাবক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারে না। শুধু ভোট প্রদান করিতে পারে। তাই আমি /আমরা বিশ্বাস করি এত ব্যাপক সংখ্যক অভিভাবকদের ভোটার অধিকার বঞ্চিত রেখে আদৌ একটি প্রকৃত গ্রহনযোগ্য অভিভাবক প্রতিনিধি গঠন করা সম্ভব নয়। এমতাবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে একটি তদন্ত কমিটি গঠন করে সুষ্ঠ নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের উদ্যোগ গ্রহন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অতএব, মহোদয় সমীপে আরজ উপরোক্ত বিষয় বিবেচনা করে পূর্বের তফসিল বাতিল ও হালনাগাদ ভোটার তালিকা প্রণয়ন করে অবাধ-সুষ্ঠ, নিরপেক্ষ ও গ্রহনযোগ্য এবং সকলের অংশগ্রহন মূলক নির্বাচনের নতুন তফসিল ঘোষনা পূর্বক নির্বাচনের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনে আপনার মর্জি হয়।

বিনীত নিবেদক

মোঃ আসাদুজ্জামান বাবু
অভিভাক প্রতিনিধি পদপ্রার্থী (মাধ্যমিক শাখা)
বনানী বিদ্যানিকেন স্কুল এন্ড কলেজ
ভোটার নং-০৮৭৩
বনানী, ঢাকা।
মোবাইল ঃ ০১৮১৬৬৫২২১২
ই-মেইলঃ azbabubabu21261@gmail.com

সোনালী সেবা নম্বর
2203200450097782

সোনালী ব্যাংক লিমিটেড

বোর্ডের অংশ

________________ শাখা ________________ জমা তারিখ

২০-০৩-২০২২ প্রিন্ট তারিখ

স্কুল/কলেজের নামঃ BANANI BIDYANIKETAN SCHOOL & COLLEGE, EIIN: 108016 জমাকারীর নামঃ MD. ASADUZZAMAN BABU এর পক্ষ থেকে পরীক্ষাঃ Others, খাতঃ Miscellaneous এর বিপরীতে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, বিআইএসই, ঢাকা শাখা, হিসাব নম্বরঃ 4402433000013, সোনালী ব্যাংক লিমিটেড এর অনুকূলে সোনালী সেবা প্রক্রিয়ার এর মাধ্যমে প্রেরণের জন্য নগদ/চেক নং ________ এর তাং ________ ব্যাংক ও শাখার নাম ________________ এর মাধ্যমে ফি বাবদ 3000.00 (তিন হাজার )টাকা, কমিশন 30.00 (ত্রিশ )টাকা, অনলাইন সার্ভিস চার্জ 20.00 (বিশ )টাকা, ভ্যাট 8.00 (আট) টাকা। সর্বমোট 3058.00 (তিন হাজার আটান্ন ) টাকা জমা করা হলো।

ব্যাংক শাখার সীল | ব্যাংক স্ক্রল নং | অফিসার (ক্যাশ)/ক্যাশিয়ার এর স্বাক্ষর | অনুমোদিত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪, জয়নাগ রোড, বক্সিবাজার, ঢাকা - ১২১১

নং : ৩২৭/ক/অনুঃ/২০১৩/..২৫০৪....

তারিখ : ..২৫../০৪/২০২২

বিষয় : বনানী বিদ্যানিকেতন, বনানী, ঢাকা -এর সরেজমিনে তদন্তের লক্ষে পরিদর্শন প্রসঙ্গে।

সূত্র : (১) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর অনলাইন ই-নথি আবেদনের আইডি নম্বর ২০৭২০ এর আদেশ।
(২) বনানী বিদ্যানিকেতন, বনানী, ঢাকা -এর মাধ্যমিক শাখার অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী জনাব আসাদুজ্জামান বাবু (ভোটার নম্বর - ০৮৯৩) এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ঢাকা মহানগরীর বনানীতে অবস্থিত "বনানী বিদ্যানিকেতন" - এর গভর্নিং বডি অনুমোদনের লক্ষে গঠিত কমিটির বিরুদ্ধে উক্ত কলেজের মাধ্যমিক শাখার অভিভাবক প্রতিনিধি পদপ্রার্থী জনাব মোঃ আসাদুজ্জামান বাবু (ভোটার নম্বর - ০৮৯৩) এর অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্তের লক্ষে পরিদর্শন করার জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ), জনাব মোঃ হেলাল উদ্দিন এবং সহকারী কলেজ পরিদর্শক, জনাব সুশান্ত কুমার রাহা - কে নির্দেশক্রমে অনুরোধ হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। বিধি মোতাবেক তদন্তকারী কর্মকর্তা টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৮৬১২৪৭৬, মোবাইল : ০১৫৫০৪১১২০৪

মেমো নং : ২৫০৪(৫)

তারিখ : ..২৫../০৪/২০২২

অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

(১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
(৩) জনাব মোঃ হেলাল উদ্দিন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
(৪) জনাব সুশান্ত কুমার রাহা, সহকারী কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
(৫) পি. এস. টু চেয়ারম্যান,
(৬) অফিস কপি

২৫/০৪/2022

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা